দৈনিক বাংলা

তারিখ ... 14.10.78 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 1 ...

043

# থানা শিক্ষা অফিসে তালা

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

কুড়িগ্রাম, ১৬ই অক্টোবর।—পাটগ্রাম থানা শিক্ষা অফিসে তালা ঝুলছে। অফিসটি বর্তমানে চলছে রংপুরের বলাকা রেস্ট হাউসে।

প্রকাশ, সম্প্রতি গভীর রাতে পাটগ্রাম শিক্ষা অফিসের দরজা ভেঙ্গে কিছু সংখ্যক অজ্ঞাত পরিচয় দুষ্কৃতিকারী শিক্ষা অফিসারকে মারধর করে এবং তার গায়ে এসিড ছেড়ে দেন তাকে গুরুতর আহত করে। এই ঘটনার পর থেকে থানা শিক্ষা অফিসটি বন্ধ করে উক্ত অফিসার এখান হতে চলে যান। সম্প্রতি তিনি রংপুরেই আছেন এবং সেখানেই বর্তমানে শিক্ষা অফিসটি কাজ-কর্ম চালান হচ্ছে বলে জানা গেছে।